

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
 আইন ও বিচার বিভাগ  
 মতামত অনুবিভাগ।  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

আইন ও বিচার বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি নভেম্বর, ২০২০ খ্রিঃ এর

মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ	:	২৫ নভেম্বর ২০২০ খ্রিঃ
সময়	:	১২.০০ ঘটিকা
স্থান	:	সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ
সভাপতি	:	উম্মে কুলসুম যুগ্ম সচিব (মতামত) ও ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি আরো জানান যে, আইন ও বিচার বিভাগের ২০২০-২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোডও করা হয়েছে। অতঃপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্থভূক্ত নিয়লিখিত কৌশলগত উদ্দেশ্যসমূহের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

#### আলোচ্যসূচী ১: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
সিদ্ধান্ত-১	বিচারকদের অনলাইন/অফলাইন প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	ইতোমধ্যে দ্বিতীয় ত্রৈমাসিকে ২৩৫ জন বিচারক বিভিন্ন বিষয়ে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেছেন।
সিদ্ধান্ত-২	অনলাইনে জেলা লিগ্যাল এইড অফিস সমূহের কার্যক্রম পরিবৃক্ষণ।	অনলাইনে লিগ্যাল এইড পরিবৃক্ষণের কার্যক্রম চলমান।
সিদ্ধান্ত-৩	নিবন্ধন অধিদপ্তর জেলা রেজিস্ট্রার, সাব রেজিস্ট্রার, সহায়ক কর্মকর্তা ও কর্মচারী, দলিল লিখকদের প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।	১ম ত্রৈমাসিকে নিবন্ধন অধিদপ্তর কোন ধরণের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করে নাই। অধিকন্তু ২য় ত্রৈমাসিকের ২ মাস পার হয়ে গেলেও অদ্যাবধি কোন প্রশিক্ষণের আয়োজন করা হয় নাই।
সিদ্ধান্ত-৪	উত্তম চর্চার তালিকা প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	উত্তম চর্চার তালিকা প্রস্তুত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য ফাইল উঠানো হয়েছে।

### **আলোচ্যসূচী ২: ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমের দক্ষতা বৃক্ষি সংক্রান্ত:**

মোঃ রেজাউল করিম, সিনিয়র সহকারী সচিব (মতামত ও ডাইজেট) সভায় জানান যে, এই ২০২০-২১ অর্থবছরে ৪০ জন জেলা রেজিস্ট্রার, ১৫০ জন সাব রেজিস্ট্রার, ১২০০ জন সহায়ক কর্মচারী, ১২০০ জন দলিল লিখক, ৪০০ জন নিকাহ রেজিস্ট্রারদের জন্য প্রশিক্ষণ আয়োজনের জন্য ধার্য করা হলেও গত ত্রৈমাসিকে কোন প্রশিক্ষণের আয়োজন করা হয় নাই। এ বিষয়ে সভাপতি জানান যে, প্রশিক্ষণ আয়োজনের জন্য নিবন্ধন অধিদপ্তরকে পত্র প্রেরণ করা যেতে পারে। সবাই উক্ত বিষয়ে একমত পোষণ করেন।

**আলোচ্যসূচী ৩: আবশ্যিক কর্মকৌশল বাস্তবায়ন:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কর্মকৌশল এর মধ্যে সচিবালয় নির্দেশাবলী অনুযায়ী নথির শ্রেণীবিন্যাস এবং বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তুত করে বিধিমতে নথি বিনষ্ট করার সময়সীমা নির্ধারিত রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিচার শাখা-৫ কে প্রয়োজনীয় করণীয় নির্ধারণের জন্য অনুরোধ করা হয়।


### **আলোচ্যসূচী ৪: বিবিধ:**

- (ক) মেন্টাফিজুর রহমান, সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৮) সভায় জানান যে, বিচার প্রশাসন প্রশিক্ষন ইন্সটিউট এবং জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এর এপিএ প্রতিনিধিগণ পদোন্নতিজগত কারণে বদলী হয়েছেন এবং তাদের স্থলে নতুন সদস্য যোগদান করেন। অধিকত্ত্ব আইন ও বিচার বিভাগেও সিনিয়র সহকারী সচিব পদে নতুন ৫ জন বিচারক যোগদান করেছেন। এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগের দপ্তর/সংস্থার প্রতিনিধিসহ নতুন আগত সকলকে এপিএ বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে উক্ত প্রস্তাবে সহমত পোষণ করেন। সভাপতি ডিসেম্বর এর প্রথম সপ্তাহে প্রশিক্ষণ আয়োজনের জন্য সম্মতি প্রদান করেন।
- (খ) এপিএ টিমের ফোকাল পয়েন্ট বেগম উম্মে কুলসুম, যুগ্ম সচিব (মতামত) জানান যে, কোভিড পরিস্থিতিজগত কারণে বাংলাদেশের আদালতে কর্মরত অনেক বিচারক ও কর্মচারীগণ মানসিক চাপের মধ্যে রয়েছে। উক্ত মানসিক চাপ মোকাবেলার জন্য তিনি **Stress Management** সংক্রান্ত একটা প্রশিক্ষণ আয়োজনের উপর গুরুত আরোপ করেন।

বিভাগিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- সিদ্ধান্ত-১: জেলা রেজিস্ট্রার, সাব রেজিস্ট্রার, সহায়ক কর্মচারী ও নিকাহ রেজিস্ট্রারদের প্রশিক্ষণ আয়োজনের জন্য নিবন্ধন অধিদপ্তরে পত্র প্রেরণ।
- সিদ্ধান্ত-২: আইন ও বিচার বিভাগের দপ্তর/সংস্থার প্রতিনিধিসহ এপিএ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।
- সিদ্ধান্ত-৩: বিচারকদের জন্য **Stress Management** সংক্রান্ত একটা প্রশিক্ষণ আয়োজন।
- সিদ্ধান্ত-৪: প্রস্তুতকৃত উত্তম চর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় তিনি সকলকে ২য় পর্যায়ের কোভিড-১৯ সংক্রমনের বিষয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়ে এবং স্বাস্থ্যবিধি মেনে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
উম্মে কুলসুম  
যুগ্ম সচিব (মতামত)

ও  
ফোকাল পয়েন্ট  
এপিএ কমিটি, আইন ও বিচার বিভাগ।